DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:43 PM

সারাদেশ

# ৮ হাজার পিস ইয়াবাসহ এক বাসযাত্রী আটক

প্রতিবেদক: ফেনী প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

ফেনী সদর উপজেলায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে আট হাজার ৩০ পিস ইয়াবাসহ নাছির উদ্দিন (৩১) নামে এক যুবককে আটক করেছে র‍্যাব।

রবিবার (২৩ আগস্ট) শহরের লালপুল এলাকার মুহুরী ফিলিং স্টেশনের সামনে স্টার লাইন পরিবহনের একটি বাসে তল্লাশি চালিয়ে তাকে আটক করা হয়।

আটক নাছির কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার পূর্ব ডুমখালী গ্রামের আবুল আলমের ছেলে। জব্দ করা ইয়াবার আনুমানিক বাজারমূল্য ২৪ লাখ ১০ হাজার টাকা বলে জানিয়েছে র‍্যাব।

র‍্যাব সূত্রে জানা গেছে, চট্টগ্রাম থেকে যাত্রীবেশে বিপুল পরিমাণ ইয়াবার চালান নিয়ে এক ব্যক্তি ফেনীর দিকে আসছেন□এমন গোপন সংবাদের ভিত্তিতে মহাসড়কে চেকপোস্ট বসায় র‍্যাব। এ সময় চট্টগ্রাম থেকে ফেনীগামী স্টার লাইন পরিবহনের একটি বাস থামিয়ে তল্লাশি শুরু করেন আভিযানিক দলের সদস্যরা।

বাসের পেছনের সিটে বসা নাছির পালানোর চেষ্টা করলে র‍্যাব সদস্যরা তাকে ধরে ফেলেন। পরে তার সঙ্গে থাকা একটি কাঁধের ব্যাগ তল্লাশি করে স্বচ্ছ পলি জিপার প্যাকেটে মোড়ানো আট হাজার ৩০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

র‍্যাব-৭-এর ফেনী ক্যাম্পের অধিনায়ক মিজানুর রহমান জানান, আটক নাছির উদ্দিন ও জব্দ করা মাদকদ্রব্যের বিষয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা নিতে তাকে ফেনী সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**৩ হাজার বাতির পৌরসভায় দেড় হাজারই নষ্ট, অন্ধকারে নরসিংদীর ঘোড়াশাল**
শিল্পাঞ্চল হিসেবে পরিচিত নরসিংদীর ঘোড়াশাল পৌর এলাকায় সন্ধ্যা নামলেই নেমে আসে অন্ধকার। দীর্ঘদিন ধরে অধিকাংশ সড়কবাতি নষ্ট হয়ে থাকায় প্রধান সড়ক...




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**
নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**

নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...

---



**হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতিতে শুভ চন্দ্রের দাফন সম্পন্ন**

অবশেষে হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতি অনুযায়ী দাফন করা হয়েছে ধর্মান্তরিত শুভ চন্দ্র দাস ওরফে মো. বিল্লালের মরদেহ। রোববার রাতে নারায়ণগঞ্জ নগ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/8-hajar-pis-iyabash-ek-basjatri-atk